কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়

কুড়িগ্রাম-৫৬০০

(www.kuriau.edu.bd)

সতর্কীকরণ বিজ্ঞপ্তি

তারিখ: ২৮ মার্চ ২০২৫

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সম্প্রতি কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়ের নামে প্রতারক চক্র কর্তৃক https://kuriauedubd.com নামক একটি ভুয়া ওয়েবসাইট তৈরি করা হয়েছে। বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ এই বিষয়টি সম্পর্কে অবগত হয়েছে।

ওয়েবসাইটটিতে বিশ্ববিদ্যালয়ের নাম, লোগো, মাননীয় উপাচার্য মহোদয়ের ছবি এবং বিশ্ববিদ্যালয় সম্পর্কিত বেশ কিছু মিথ্যা তথ্য প্রকাশ করা হয়েছে, যা সম্পূর্ণ বেআইনি এবং আইনত দণ্ডনীয় অপরাধ। প্রতারক চক্রের মাধ্যমে তৈরি করা ওয়েবসাইটের মাধ্যমে সাধারণ জনগণের মধ্যে বিভ্রান্তি সৃষ্টি হচ্ছে এবং বিশ্ববিদ্যালয়ের সুনাম ক্ষুণ্ন হচ্ছে।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ইতোমধ্যে এই বিষয়ে কুড়িগ্রাম থানায় একটি অভিযোগ দায়ের করেছে এবং প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানিয়েছে।

এমতাবস্থায়, সংশ্লিষ্ট সকলকে বিশ্ববিদ্যালয়ের অফিসিয়াল ওয়েবসাইট www.kuriau.edu.bd-এ প্রকাশিত তথ্যের প্রতি বিশেষভাবে নজর রাখার জন্য অনুরোধ করা হচ্ছে। একইসঙ্গে, প্রতারক চক্রের মাধ্যমে প্রকাশিত তথ্যের ভিত্তিতে কোনো প্রকার প্ররোচনা বা প্রতারণায় বিভ্রান্ত না হওয়ার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

কর্তৃপক্ষের আদেশক্রমে-
স্বাক্ষরিত/-
ডেপুটি রেজিস্ট্রার
কুড়িগ্রাম কৃষি বিশ্ববিদ্যালয়
কুড়িগ্রাম-৫৬০০।